দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 MAR 2017
পৃষ্ঠা 6 কলাম 2

# ওয়ার্ল্ড ইউনিভার্সিটির দুই শিক্ষক পেলেন পিইএনজি মেডেল

বাংলাদেশ প্রফেশনাল ইঞ্জিনিয়ার্স রেজিস্ট্রেশন বোর্ড (বিপিইআরবি), ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশের অন্তর্ভুক্ত প্রফেশনাল ইঞ্জিনিয়ারদের একটি প্রতিষ্ঠান। শিক্ষাগত ও পেশাগত কাজের দক্ষতার ওপর ভিত্তি করে দীর্ঘ লিখিত এবং মৌখিক পরীক্ষার মাধ্যমে যোগ্যতা অর্জনকারী প্রকৌশলীদেরকে বিপিইআরবি প্রফেশনাল ইঞ্জিনিয়ার (পিইএনজি) মেডেল প্রদান (রেজিস্ট্রেশনভুক্ত) করেছে। পরবর্তীতে পিইএনজি অর্জনকারী প্রকৌশলীদের মেডেল দেয়া হয়। এর আওতায় বিপিইআরবি মেডেল অর্জন করেন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি অব বাংলাদেশের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের দুই শিক্ষক যথাক্রমে বিভাগীয় প্রধান, প্রকৌশলী রবীন্দ্ররঞ্জন সাহা এবং ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউশন অব বাংলাদেশের প্রাক্তন (সম্মানী) সহকারী সাধারণ সম্পাদক ও সহযোগী অধ্যাপক, প্রকৌশলী মোঃ রেজাউল করিম (রেজা)। -বিজ্ঞপ্তি